ভোরের কাগজ

তারিখ 21 APR 2003
পৃষ্ঠা ১৬ কলাম ৩

রাষ্ট্রপতিকে স্মারকলিপি

# নতুন জাতীয় পে-স্কেল প্রবর্তনের দাবি জানিয়েছে শিক্ষক সমিতি ফেডারেশন

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপিতে নতুন জাতীয় পে-স্কেল প্রবর্তন এবং তা বাস্তবায়নের পূর্ব পর্যন্ত অন্তর্বর্তীকালীন ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান এবং শিক্ষকদের পেশাগত সমস্যা সমূহের সমাধানকল্পে ২১ দফা বাস্তবায়নের অনুরোধ জানান। গতকাল রোববার শিক্ষক কর্মচারীদের হয়রানি ও নির্যাতন বন্ধে রাষ্ট্রপতির জরুরি হস্তক্ষেপ দাবি করে রাষ্ট্রপতি বরাবর প্রেরিত স্মারকলিপিতে এ আহ্বান জানানো হয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ৮ সদস্যের এক শিক্ষক প্রতিনিধিদল এ স্মারকলিপি প্রদান করেন। রাষ্ট্রপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদের পক্ষে বঙ্গভবনে বেলা ১২টায় স্মারকলিপি গ্রহণ করেন

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ৮

## নতুন জাতীয় পে-স্কেল

● শেষের পাতার পর

রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব মোঃ আবদুল গণি হাওলাদার। ৮ সদস্যের প্রতিনিধিদলে অন্তর্ভুক্ত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, অতিরিক্ত সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ নুরুন নবী সিদ্দিকী, বাংলাদেশ শিক্ষক সমিতির অতিরিক্ত সাধারণ সম্পাদক খান মোশাররফ হোসেন ও ফেডারেশনের কেন্দ্রীয় নেতা অধ্যাপক নজরুল ইসলাম খান ও অধ্যাপক এম এ বারী।